কোটচাঁদপুরে মাস্ক ব্যবহারে প্রশাসনের কঠোরতা

শীতে করোনার দ্বিতীয় ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহারে প্রধানমন্ত্রীর কঠোর নির্দেশনা বাস্তবায়নে নিরলসভাবে কাজ করছে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসন। মাস্ক ব্যবাহার নিশ্চিত করতে প্রশাসনের পক্ষ থেকে জনসচেতনতার পাশা-পাশি ভ্রাম্যমান আদালত পরিচালনা অব্যহত রেখেছে স্থানীয় প্রশাসন।

ব্যবসা প্রতিষ্ঠান এমনকি ঘরের বাহিরে সবখানেই মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে কঠোর ভূমিকা পালন করছেন উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন। কখনো উপজেলা সদর আবার কখনো ছুটে যাচ্ছেন প্রত্যন্ত এলাকায়। উপজেলার সকল মানুষকে মাস্ক ব্যবহারের আওতায় আনতে সার্বক্ষণিক তৎপর রয়েছেন মাঠ প্রশাসনের এই কর্মকর্তা।

শনিবার সন্ধায় উপজেলার সাফদারপুর বাজার, বলুহর জামতলা মোড় ও পৌর শহরের কলেজ বাসষ্টান্ডে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে স্বাস্থ্যবিধি না মানা ও সামাজিক দুরুত্ব বজায় রেখে মাস্ক ব্যবহার না করার অপরাধে বিভিন্ন দোকানে ৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। সেই সাথে সাধারণ মানুষের মাঝে মাস্ক ও লিফলেট বিতরণ করেন।

নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন জানান, করোনার দ্বিতীয় ঢেউ মোকাবেলায় সামাজিক দুরুত্ব বজায় ও স্বাস্থ্যবিধি মেনে মাস্ক ব্যবহারের ওপর ব্যাপক জনসচেতনতা ও প্রচার চালানো হচ্ছে। মাস্ক ব্যবহার নিশ্চিত করতে এই অভিযান অব্যহত থাকবে।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সমাজ সেবা অফিসার জহুরুল ইসলাম, সাফদারপুর ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, সহকারী প্রোগ্রামার জিয়াউর রহমান, সাফদারপুর ক্যাম্প ইনচার্জ এসআই অজিয়ার রহমান, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন, সহকারি প্রহল্লাদ সহ পুলিশের একটি টিম।

ঝিনাইদহে দলিল জালিয়াতি করে সাবেক দুদক কমিশনারের জমি দখলের চেষ্টা

ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় সাবেক জেলা দায়রা জজ ও দুদক কমিশনার মৃতঃ হাবিবুর রহমানের ওয়ারেশগনসহ তার পরিবারের পৈত্রিক ১১ শতাংশ জমি তারই আপন চাচাত ভাই দলিল জালিয়াতি করে জবর দখল করে নেওয়ার অভিযোগ উঠেছে। মৃত হাবিবুর রহমান উপজেলার ফুলহরি ইউনিয়নের চাঁদপুর গ্রামের মৃত হোসেন আলীর ছেলে।

এ বিষয়ে সাবেক জেলা দায়রা জজ ও দুদক কমিশনার মৃতঃ হাবিবুর রহমানের ছোট ভাই জিল্লুর রহমান অভিযোগ করে বলেন, আমরা ৪ ভাই ২ বোন। আমার বাবা মারা গেছেন। আমার বড় ভাই সাবেক জেলা দায়রা জজ ও দুদক কমিশনার ছিলেন।

বড় ভাই ও সেঝ ভাই তারাও মারা গেছেন। বাড়িতে আমি আর আমার স্ত্রী বসবাস করি। বাকি অন্যরা সবাই চাকরির সুবাদে বাহিরে থাকেন। তিনি আরও বলেন, আমরা যৌথ পরিবার চাকরির সুবাদে পরিবারের অন্যান্যরাও বাইরে থাকার কারনে গ্রামের জমি- জমা সহ অন্যান্য সব কিছু তারাই দেখাশুনা করতো।

তাদের পরিবারে চাষাবাদ করার মত নিজস্য কোন লোক না থাকায় সমস্ত চাষাবাদ যোগ্য জমি ভাগা-বর্গা দিয়ে খেয়ে আসছেন। এর মাঝে চাঁদপুর ১৩৩ নং মৌজার ১০৭নং খতিয়ান যাহার আর,এস ১০৩৫ নং খতিয়ানের সাবেক ১০৬৯ ও হাল ২০৮৯ নং দাগটিতে পরিবারের সিদ্ধান্ত অনুযায়ী দোকান ঘর তৈরি করবে বলে ঠিক করেন।

জিল্লুর রহমান বলেন, তার বাবারা তিন ভাই থাকায় হাল ২০৮৯ নং দাগের ৩২ শতাংশ জমির মধ্যে ৩ অংশের ১ অংশ হিসাবে তার বাবার মৃত্যুর পর এই ১১ শতাংশ জমি আর,এস রেকর্ড মূলে তারা অংশিদার হন এবং দীর্ঘ ১২ বছরের অধিক ভোগ দখল করে আসছেন।

তিনি আরও বলেন,আমি ঐ জমিটিতে একটি দোকানঘর তৈরি করার প্রস্তুুতি

নিলে আমার আপন চাচা মৃতঃ রোজদার মন্ডলের ছেলে রবিউল, আশরাফুল, মশিউর রহমান মাষ্টার, আলিউর ও মফিজুল বাদী হয় এবং তারা দাবী করেন, তাদের বোন রোকেয়া খাতুন জমিটি ক্রয় করেছে। জমিটি পৈত্রিক সুত্রে অভিযোগকারী জিল্লুর রহমানদের ৪ ভাই ও ২ বোনের নামে রেকর্ড হয়।

জিল্লুর রহমান কার কাছ থেকে জমিটি কিনেছে জানতে চাইলে মশিউর রহমান (মাষ্টার) বলেন, জমিটি তার বোন রোকেয়া খাতুন আমার বোন তহমিনা’র কাছ থেকে কিনেছে, তবে দলিল দেখতে চাইলে তারা দেখাননি।

তিনি বলেন ১১ শতাংশ জমি ৪ ভাই ২ বোনের মধ্যে অংশ কাটান হলে আমার বোন তহমিনা পাবে ১ শতাংশ। সে কিভাবে ১১ শতাংশ জমি বিক্রি করে আর ক্রেতারা কিভাবে কেনে এটা তার বোধগম্য নয়।

বিষয়টি নিয়ে দু পক্ষের মধ্যে তোলপাড় শুরু হলে ক্ষতিয়ে দেখা গেছে, মশিউর মাষ্টারের বোন রোকেয়া বেগম জিল্লুর রহমানের বোন তহমিনার কাছ থেকে একটি রিলিজ বা না দাবী ত্যাগপত্র দলিল করে নিয়েছে। ঐ দলিলে দেখা গেছে মোট ২৬ টি দাগে ৪০ শতাংশ জমি মশিউর মাষ্টারের বোন রোকেয়া বেগম ক্রয় করেছে তহমিনার কাছ থেকে। যার মধ্যে ১৭৩২ ও ৩৬৭৮ নং এই ২ দাগ থেকে ৩৫ শতাংশ জমি ভোগ দখল করে আসছে ক্রেতা রোকেয়া বেগম। কিন্তু নালিশি আর,এস ১০৩৫ খতিয়ানে তাদের দলিলে কোন দাগ নেই।

তবে অভিযোগকারী জিল্লুর রহমান বলেন, দলিলে থাকা ১০৬৯ নং দাগটি নিজ হাতে কাটিয়া নালিশি ২০৭৯ নং দাগটি বসানো হয়েছে যা স্বচোখে ও দলিলের নকল দেখে প্রমানিত হয়েছে।

এ ব্যপারে বাদী পক্ষের দেওয়া ঝিনাইদহ বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট বরাবর পিটিশন কেস তদন্তকারী ফুলহরি ইউনিয়ন ভুমি অফিসের দেওয়া প্রতিবেদন থেকে জানা গেছে, বাদীর দলিলটি না দাবী ত্যাগপত্র। দলিলটি যাচায় করে তারা দেখেন আর,এস ২০৭৯ নং দাগটি দলিলে নাই। তবে দলিলে ২০৭৯ নং দাগটি ঘসামাজা করে দলিলে লেখা আছে।

এ বিষয়ে জানতে চাইলে অভিযুক্তদের মধ্যে মশিউর রহমান (মাষ্টার) বলেন, দখলের সুবিধার জন্য জিল্লুর রহমান গংরা তার বোন তহমিনাকে এই জমিটি ভোগ দখলে দিয়েছিলো। তিনি বলেন, তার বোন রোকেয়া খাতুনের কাছে তহমিনা ৪০ শতক জমি বিক্রি করে নিঃশর্তবান হয়।

উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টে ঝিনাইদহের জয়

ঝিনাইদহ সদরের সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচে কালিগঞ্জ হেলাই একাদশের বিপক্ষে পেনাল্টিতে জয় পেয়েছে ঝিনাইদহ জেলা ফুটবল একাদশ।

আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন ঝিনাইদহ জেলা ফুটবল একাদশের গোলকিপার মোঃ সোহান।

খেলায় প্রথমার্ধে একটি গোল করে এগিয়ে যায় কালিগঞ্জ হেলাই একাদশ, পরবর্তীতে দ্বিতীয়ার্ধে দেয়া অতিরিক্ত তিন মিনিটে একটি গোল করে খেলায় সমতা ফিরিয়ে আনেন ঝিনাইদহ জেলা ফুটবল একাদশ। পরবর্তীতে পেনাল্টি অনুষ্ঠিত হলে ৪-২ গোলের ব্যবধানে জয় পায় ঝিনাইদহ জেলা ফুটবল একাদশ।

খেলা শেষে সেরা খেলোয়াড়-এর হাতে পুরস্কার তুলে দেন, ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন, ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ, ত্রিমোহনী মিল মালিক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক, আরশাদ আলী।

খেলাটির আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব।

কালীগঞ্জে নদীতে ডুবে শিশুর

মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার নিশ্চিন্তপুর এলাকায় চিত্রা নদীতে পড়ে হুসাইন (২) নাম দুই বছরর এক শিশুর মৃত্যু হয়েছে।

শনিবার সকাল ৯ টার দিকে এ ঘটনা ঘটে। নিহত শিশু হুসাইন নিশ্চিন্তপুর এলাকার নাহিদ হাসানের ছেলে।

শিশুটির বাবা নাহিদ হাসান জানায়, সকাল ৯ টার দিকে বাড়ির পাশেই খেলা করছিলো। খেলা করতে করতে হুসাইনকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। এরপর বাড়ির পাশে চিত্রা নদীর পানিতে হুসাইনের মরদেহ ভেসে উঠে।

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ মুহা: মাহফুজুর রহমান মিয়া ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

কোটচাঁদপুরে মাস্ক ব্যবহার না করায় জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনা প্রতিরোধে মাস্ক ব্যবহার না করায় জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শুক্রবার সন্ধ্যায় উপজেলার তালশার বাজার ও পৌর শহরের মেইন বাসস্ট্যান্ডে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করেন।

অভিযানে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরুত্ব বজায় ও মাস্ক ব্যবহার না করার দায়ে বিভিন্ন দোকানে ১ হাজার ১’শ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন জানান, করোনার দ্বিতীয় ঢেউ প্রতিরোধে সামাজিক দূরুত্ব বজায় ও স্বাস্থ্যবিধি মেনে মাস্ক ব্যবহারের ওপর ব্যাপক জনসচেতনতা ও প্রচার চালানো

হচ্ছে। মাস্ক ব্যবহার নিশ্চিত করতে এই অভিযান অব্যাহত থাকবে।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারি প্রোগ্রামার জিয়াউর রহমান, অফিস সহকারি সুব্রত বিশ্বাস, মডেল থানার এসআই তৌফিক আনাম, সাংবাদিক মঈন উদ্দীন খানসহ থানা পুলিশের একটি টিম।

কালীগঞ্জ পৌর মেয়রের পিতার ইন্তেকাল

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার মেয়র ও পৌর আ. লীগের সাংগাঠনিক সম্পাদক আশরাফুল আলম আশরাফের পিতা অবসরপ্রাপ্ত ফায়ার সার্ভিস স্টেশন অফিসার আকবর আলী বিশ্বাস (৮২) ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি রাজেউন)।

শুক্রবার সকাল ৯ টা ১৫ মিনিটে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে তিনি মধুগঞ্জ কাঁঠাল বাগান এলাকায় নিজ বাড়িতে মৃত্যুবরণ করেন। তিনি চাকুরী থেকে ২০০১ সালে অবসরে যান। মৃত্যুকালে তিনি স্ত্রী, ৪ পুত্র ও ২ কন্যা সন্তানসহ অসখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

শুক্রবার আছরবাদ সরকারি ভূষণ স্কুল মাঠে মরহুমের জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

মরহুমের জানাযায় ঝিনাইদহ- ৪ আসনের এমপি আনোয়ারুল আজিম আনার, সাবেক মেয়র উপজেলা বিএনপির আহব্বায়ক মাহবুবুর রহমান, ঝিনাইদহ জেলা পরিষদের সদস্য ও কালীগঞ্জ উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন সোহেল, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, পৌর আ. লীগের ভারপ্রাপ্ত সভাপতি ফরিদ উদ্দিন, পৌর সভার কাউন্সিলর কর্মকর্তা কর্মচারী ও বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মী গণমাধ্যমকর্মীসহ স্থানীয় সুধীজনেরা অংশগ্রহণ করেন।

কালীগঞ্জে নতুন ইট তৈরিতে ব্যস্ত সময় পার করছে শ্রমিকেরা

কাদা মাটি দিয়ে নতুন ইট তৈরিতে ব্যস্ত সময় পার করছেন ঝিনাইদহের কালীগঞ্জের ইট ভাটা শ্রমিকরা। প্রতিদিন ভোর থেকে বিকাল পর্যন্ত ইট তৈরি আর ইট সাজানোর কাজ করছেন তারা।

এক দিনে ৬০০ থেকে ৭০০ টাকা মজুরি আসে, এমনটিই বলেছেন শ্রমিকরা। কালীগঞ্জের নিউ জলিল ব্রিকস ইট-ভাটা ঘুরে দেখা যায়, অগ্রায়ণ মাসের শুরু থেকে শুরু হয়েছে ভাটায় ইট তৈরির সব কার্যক্রম। ভাটার আশপাশের ইট তৈরির স্থানগুলোকে পরিস্কার করে তা সমান করা হয়েছে।

ইট তৈরির জন্য লাল ও পলি জাতীয় মাটি ব্যবহার করছেন তারা। মাটিগুলোকে পানি দিয়ে ১২ ঘন্টা ভিজিয়ে রাখা হয়েছে। পরে সেই ভিজা মাটিগুলোকে মেশিন দ্বারা ইট তৈরি করা মতো উপযুক্ত করছেন। আবার শ্রমিকরা ইট তৈরি করে শুকানোর জন্য সাজিয়ে রেখেছেন। সেগুলো শুকাতে সময় লাগবে প্রায় ৩ থেকে ৪ দিন।

পরে পোড়ানোর জন্য ভাটার ভিতরে ইট সাজানো হয়। প্রথমে ভাটায় আগুন দিলে তা পুড়ে ইট তৈরি হতে প্রায় সময় লাগে ১৫ দিন।

ভাটায় কয়েকটি মিল থাকে, আর সেই মিলগুলোতে ১৬ থেকে ২০ জন অর্থাৎ জোড়া হিসেবে শ্রমিক থাকে। অর্ধেক শ্রমিক ইট তৈরি করেন আর অর্ধেক শ্রমিক ইট বানানোর জন্য কাদা তৈরি করেন। এক হাজার ইট তৈরি করলে, ভাটা মালিক তার মজুরি দেন ৬০০ থেকে ৬২০ টাকা। আর এই টাকার অর্ধেক করে ভাগ পায় ইট তৈরি শ্রমিক ও কাদা তৈরি শ্রমিকরা।

কালীগঞ্জ উপজেলায় প্রায় ৩০ টির মত ইট ভাটায় চলছে ইট তৈরির কর্মব্যস্ততা।

খবর বিক্রেতার খবর রাখে না কেউ

রোদ-বৃষ্টি, গরম-শীত উপেক্ষা করে কাঁকডাকা ভোরে তারা ছুটে আসেন পত্রিকা দপ্তরে কিংবা এজেন্টের কাছে। সেখান থেকে দৈনিক পত্রিকা সংগ্রহ করে আবার ছুটতে শুরু করেন গ্রাহকের দরজায়। দেশ, সমাজ, বিশ্বের খবর মানুষের কাছে পৌঁছে দেয়া যেন তাদের ব্রত। দেশ ও জনপদের সমস্যা-সম্ভাবনার খবর বিলি করলেও তারা থেকে যান অগোচরে। তাদের মাঝেও লুকিয়ে আছে সুখ-দুঃখের গল্প।

ঝিনাইদহের কয়েকজন পত্রিকা বিক্রেতার সাথে কথা বলে সেই তথ্য মিলেছে। তেমনই একজন হাসানুজ্জামান। ১২ বছর আছেন পত্রিকা বিক্রির পেশায়। বাড়ি তার ঝিনাইদহ সদরের অন্তর্গত ৩ নং সাগান্না ইউনিয়নের নাথকুন্ডু গ্রামে। দীর্ঘ এ সময়ে পত্রিকা বিক্রির পেশাতে থেকে এক খণ্ড জমি কিনে বাড়ি করেছেন।

তিনি বলেন, মাসে মাত্র ১০ থেকে ১২ হাজার টাকা উপার্জন করেন। এত অল্প আয়েও তার পথচলা থেমে থাকেনি। একমাত্র মেয়েকে লেখাপড়া শেখাচ্ছেন। মেয়েকে মানুষের মত মানুষ করতে চান।

অল্প বেতনে সংসার চলে কীভাবে জানতে চাইলে তিনি বলেন, সৎপথে অর্থ উপার্জন করে কোনোরকম দিন চলছে। দ্রব্যমূল্যের যে উর্ধ্বগতি তাতে জীবন চালানো কঠিন। বর্তমান সময়ে আয় কমই।

তিনি এক প্রশ্নোত্তরে বলেন, ‘অন্য পেশায় যেতে চান না। জীবনের বেশির ভাগ সময় আছি এই পেশায়। অন্য পেশায় যাওয়া আর সম্ভব না। এই পেশাকে ভালোবেসে ফেলেছি; এতেই আমি আনন্দ পাই। জীবনের শেষ পর্যন্ত এই পেশায় থাকবো।’

বর্তমান সময়ে পত্রিকার চাহিদা কেমন জানতে চাইলে, তিনি বলেন, মানুষ আগের মতো পত্রিকা পড়ে না। বর্তমান ইন্টারনেটের যুগে পত্রিকা পাঠকরা পত্রিকা পড়া একেবারেই বন্ধ করেনি তবে প্রযুক্তির কল্যাণে পত্রিকার যে চাহিদা বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা ছিল তা কমে গেছে।

৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ বলেন, হকার্সরা, খবরের কাগজ ও পাঠক উভয়ের মাঝে সেতুবন্ধন তৈরিতে ভূমিকা রাখেন। সমাজের আর পাঁচটি পেশার চেয়ে তাদের পেশা ভিন্ন। অন্য পেশার লোকদের বেতন বাড়ার সুযোগ থাকে।

কিন্তু তাদের পত্রিকা বিক্রির উপর নির্ভর করতে হয়। ফলে দিনদিন জীবনযাপন কঠিন হয়ে যাচ্ছে।

হাসানুজ্জামান অনেক আশা-আকাক্সক্ষা নিয়ে ২০০২ সালে লক্কর ঝক্কর এক বাইসাইকেল ও ৫০ টি আঞ্চলিক পত্রিকা নিয়ে শুরু করেন বিক্রয় প্রতিনিধি হিসেবে তার জীবন। তার এ কাজ গুটি গুটি পায়ে আজ দেড় যুগ পেরিয়ে গেছে কিন্তু কোন উন্নতি নেই। তার জীবনের সুখ-আশা- আকাক্সক্ষা হয়তবা কোন দিন পূরণ হবে কি না, তা নিয়ে ভাবেন এই হাসান।

প্রতিদিন ভোর হওয়ার পূর্বেই পৌঁছাতে হয় চুয়াডাঙ্গায়। সেখান থেকে পত্রিকা সংগ্রহ করে ঝিনাইদহ সদর উপজেলার ডাকবাংলাসহ বিভিন্ন হাট-বাজার, ব্যবসা প্রতিষ্ঠান,সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সারাদিন লক্কর ঝক্কর বাইসাইকেলে ঘুরে ঘুরে পত্রিকা বিক্রি করে।

এ-বিষয়ে ডাকবাংলার পত্রিকা বিক্রয় প্রতিনিধি হাসান “দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার”ডাকবাংলা প্রতিনিধিকে জানান, “আমি ২০০২ সাল থেকে আজ প্রায় দেড় যুগ ধরে এই পত্রিকা বিক্রয় করি। এক সময় অফিস আমাদের জন্য প্রতি বছরে একটি করে গেঞ্জি ও এক বার খেতে দিতো কিন্তু এখন আর কিছুই দেয় না।

ডাকবাংলার কিছু সংবাদপত্র প্রেমীদের কারণেই পত্রিকা বিক্রি করতে পেরে আমার ফ্যামেলিকে কোন মতে বাঁচিয়ে রেখেছি। প্রতিদিন আমি পত্রিকা বিক্রি করে সর্বনিম্ন ২০০ টাকা থেকে সর্বোচ্চ ৩০০ টাকা পর্যন্ত আয় করি। আর এজন্য সারাদিন পাঠকদের কাছে দৌড়তে হয়। পত্রিকা বিক্রি করে আমার একমাত্র কন্যা সন্তানকে উচ্চ শিক্ষায় শিক্ষিত করার স্বপ্ন দেখছি কিন্তু হবে কিনা আল্লাহ ভালো জানেন।

এ বিষয়ে ইসলামী সমাজ কল্যাণ সংস্থার সহ-সভাপতি মোঃ মাসুম বিল্লাহ বলেন, পত্রিকা বিক্রয় প্রতিনিধিদের জীবন অত্যন্ত কষ্টের। এদের প্রতি সরকারের সুদৃষ্টি দেয়া উচিত বলে তিনি মনে করেন।

ঝিনাইদহে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা ও চক্ষু সেবা ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহে আফতাব উদ্দীন স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগে ১ হাজার রোগিকে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা ও চক্ষু সেবা প্রদান করা হয়েছে। শুক্রবার সকালে শৈলকুপা উপজেলার পিড়াগাতি গ্রামে দিনব্যাপী এ সেবার আয়োজন করা হয়।

আফতাব উদ্দীন স্মৃতি ফাউন্ডেশনের চেয়ারম্যান আসাদুজ্জামান জানান, দিনব্যাপী এলাকার প্রায় ১ হাজার নারী পুরুষকে সম্পূর্ণ বিনামূল্যে চক্ষুসেবা ও ডায়াবেটিস পরীক্ষা করা হয়েছে।

এ সময় ডায়াবেটিস পরীক্ষা ও চক্ষু সেবা প্রদান করেন ডা. মেজবাহুল আজম, ডা. মেহেদী হাসান, ডা. আরাফাত হোসেন, ডা. নাসিরুল ইসলাম লিমন, রবিউল ইসলাম, জিয়াউর রহমানসহ ১০ জন চিকিৎসক।

অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন সাবেক ছাত্রনেতা ও সমাজ সেবক আলমগীর হোসেন। পরে বাছাইকৃত রোগিদেরকে ছানি অপারেশনসহ বিনামূল্যে চশমা প্রদান করা হবে বলেও জানান আয়োজকরা।

উল্লেখ্য বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা আফতাব উদ্দিন স্মৃতি ফাউন্ডেশন প্রতিষ্ঠার পর থেকে এলাকার স্বাস্থ্যসেবাসহ সকল প্রকার উন্নয়নমূলক কর্মকাণ্ড অব্যাহত রেখেছেন।

ঝিনাইদহে সভাপতি খান আখতারুজ্জামান,সাধারণ সম্পাদক

জাকারিয়া মিলন

ঝিনাইদহে উৎসবমুখর পরিবেশে আইনজীবী সমিতির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। গভীর রাত পর্যন্ত ভোট গণনা শেষে নির্বাচন কমিশনার এ্যাড.আজিজুর রহমান ফলাফল ঘোষণা করেন।

নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত প্যানেল সভাপতিসহ ১৩ টি পদে আর বিএনপি সমর্থিত প্যানেল সাধারণ সম্পাদকসহ ৬ টি পদে নির্বাচিত হয়েছে।

সভাপতি পদে আওয়ামী লীগ সমর্থিত এ্যাড. খান আখতারুজ্জামান ও বিএনপি সমর্থিত সাধারণ সম্পাদক পদে এ্যাড. জাকারিয়া মিলন নির্বাচিত হয়েছেন।

সহ-সভাপতি পদে আব্দুল খালেক-১, সহ-সাধারণ সম্পাদক পদে আব্বাস উদ্দিন, হিসাব নিরীক্ষক পদে আব্দুল খালেক সাগর, সাহিত্য ও গ্রন্থাগার সম্পাদক পদে আব্দুল আলিম-৩, ক্রীড়া ও প্রমোদ সম্পাদক পদে গৌতম কুমার বিশ্বাস, ধর্মীয় ও আপ্যায়ণ সম্পাদক পদে জাহিদুল ইসলাম জাহিদ, তথ্য ও প্রযুক্তি সম্পাদক পদে শাহিনুল ইসলাম শাহিন, সদস্য পদে মীর সাখাওয়াত হোসেন, হাবিবুল্লাহ বাহার, মঞ্জুরুল ইসলাম, সুভাষ বিশ্বাস মিলন, আসাদুজ্জামান বাবু, আ ম সোহানুর জোয়ার্দ্দার সাথী, বীনা খাতুন, মুশফিকুর ওয়ালিদ ইমরোজ, মুস্তাফিজুর রহমান মিথুন।

নির্বাচন কমিশনার এ্যাড. আজিজুর রহমান জানান, সুষ্ঠুভাবে ভোট গ্রহণ সম্পন্ন হয়েছে এবং গভীর রাত ১টার দিকে বেসরকারি ভাবে ফলাফল ঘোষণা করা হয়েছে। ২৭৩ জন ভোটারের মধ্যে ২৭১ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন।